

## বিদ্রোহে প্রবাসী শিল্পী, অ্যাকাডেমিতে হাজির পেইন্টিং-এর নয়া ঘরানা

নিজস্ব সংবাদদাতা

৩০ সেপ্টেম্বর, ২০১৫, ১০:৩৬:০০

চারুকলায় ডিজিটাল কারসাজি তাঁর একেবারে না-পসন্দ। কিন্তু, ছবি আঁকার জন্য অনেক শিল্পীই আজকাল ক্যানভাসের বদলে কম্পিউটার স্ক্রিনে বেশি স্বচ্ছন্দ। চারুকলার উঠোনে প্রযুক্তির এই আগ্রাসনের বিরুদ্ধেই সশ্রিৎ সেনগুপ্তের বিদ্রোহ। তা থেকেই জন্ম শিল্পের নতুন ঘরানার। নাম ‘জেশচারিজম’।

কলকাতার অ্যাকাডেমি অফ ফাইন আর্টসে মঙ্গলবার শুরু হয়েছে ছবি ও ভাস্কর্যের প্রদর্শনী। গভর্নমেন্ট কলেজ অফ আর্ট অ্যান্ড ক্র্যাফটসের ১৫০ বছর পূর্তি উৎসবের সমাপ্তি উপলক্ষে এই আয়োজন। চলবে ৬ অক্টোবর পর্যন্ত। কলেজের প্রাক্তনী সশ্রিৎ সেনগুপ্তের কাজ প্রদর্শনীতে আলাদা করে চোখ টানছে।

নিজের একটিই মাত্র ছবি তিনি প্রদর্শনীতে এনেছেন। কিন্তু, সেই একটিকেই একশুটি ছবিও বলা যায়। ২১টি আলাদা আলাদা ব্লকে বিভিন্ন ছাঁদের রঙের খেলা। ব্লকগুলি একই মাপের। তিনটি করে ব্লক পাশাপাশি বসিয়ে মোট সাতটি সারি। গোটা ইনস্টলেশনকে একত্রিত করে দেখলে জলপাই গাছের আদল ফুটে ওঠে, গোড়ায় ভগ্নপ্রায় সমাধি ক্ষেত্র।

সশ্রিৎ বললেন, “ছবিটার নাম সার্ডিনিয়ান র্‌যাপসডি। ইতালির সার্ডিনিয়া দ্বীপে চার হাজার বছরের পুরনো এক ধ্বংসপ্রাপ্ত সভ্যতার নিদর্শন থেকে প্রাণিত।” যে ২১টি ব্লক নিয়ে এই ইনস্টলেশন, সেগুলিকে উল্টোপাল্টা করে সাজিয়ে দিলেও শিল্পের কোনও ক্ষতি হয় না। ফুটে ওঠে চোখ জুড়োনো অ্যাবস্ট্রাক্ট আর্ট। আবার যে কোনও ব্লককে ইনস্টলেশন থেকে বিচ্ছিন্নও করা যায়। প্রত্যেকেই আলাদা আলাদা ভাবে ছবি হয়ে উঠতে সক্ষম। ছবির মধ্যে এই গতিশীলতাই প্রখ্যাত ‘প্যাকেজিং গুরু’ তথা প্রবাসী বাঙালি চিত্রী সশ্রিতের সবচেয়ে কাঙ্ক্ষিত অনুভূতি।

জীবনের বেশির ভাগ সময়টাই প্যারিসে কাটানো সশ্রিৎ বললেন, “এটা একটা নতুন ধারা। আমিই এনেছি। নাম জেশচারিজম।” কী এই ‘জেশচারিজম’? প্রবাসী বাঙালি শিল্পীর ব্যাখ্যা, “গতিই জীবন। শিল্পে গতিশীলতা না থাকলে জীবনের স্পর্শ থাকে না। ছবিতেও যে অন্তর্নিহিত গতি থাকতে পারে, এই নতুন ইনস্টলেশন তা প্রমাণ করছে।”

শিল্পীর কথায়, সৃষ্টিশীল কাজের কোনও প্রতিলিপি হয় না। যে কোনও ছবিই মৌলিক সৃষ্টি। ডিজিটাল আর্টের নামে যা হচ্ছে, তা আর যা-ই হোক, মৌলিক সৃষ্টি হতে পারে না। তার অসংখ্য প্রতিলিপি তৈরি সম্ভব। একটি প্রকৃত ছবির প্রতিটি অংশই মৌলিকভাবে তৈরি হয়। এই ছবির ২১টি আলাদা আলাদা ব্লকে সেই মৌলিকস্বকেই ধরা হয়েছে।



সশ্রিত সেনগুপ্তের ছবি 'সার্ডিনিয়ান র্‌যাপসডি'।—নিজস্ব চিত্র।

Sen (Shombit Sengupta) Scrambled Gesturism Installation Painting Sardinian Rhapsody

## New Style Arrives at the Academy, Non Resident Artist Rebels

Our correspondent

30 September 2015 10:36 am

He absolutely disapproves of digital manoeuvring in the fine arts. However, many contemporary artists are more comfortable with the computer screen than the canvas. Sen's (Shombit Sengupta) revolt is against technology's invasion of the fine arts. From this emerges a new style of art, which is being called 'Gesturism'.

An exhibition of paintings and sculptures began on Tuesday at the Academy of Fine Arts in Kolkata. This was organised as the culmination of the 150th anniversary celebrations of the Government College of Art and Craft. It will continue till the 6th of October. The work of Sen, an alumnus, is attracting many eyes at the exhibition.

He has brought only one of his paintings to the exhibition. But that one can at the same time be twenty one paintings. Twenty one different blocks each with a different play of colours. The blocks are of the same dimensions. Three blocks kept side by side in seven rows.

Seen all at once the installation gives the impression of an olive tree, with a graveyard in ruins at its feet. Sen says, “The painting is named Sardinia Rhapsody. Inspired by the example of a four thousand year old civilisation brought to ruins in the Island of Sardinia in Italy.”

No damage is done to the painting even if the twenty one blocks making up the installation are rearranged at random. Indeed, it becomes a striking bit of abstract art. Again, each block can individually be isolated from the installation. Each, by its own merit, can become an independent painting. This feeling of dynamism about the painting is what is dearest to the famous “design guru” or the NRI Bengali painter Sen. Sen, who has spent most of his life in Paris claims that, “This is a new style. I have introduced it. Its called Gesturism.”

What is this Gesturism? The non-resident Bengali explains, “Motion is life. If there is no movement in art it lacks the touch of life. This installation is proof that a painting can have an intrinsic motion.”

In the words of the artist, creative work does not have any copies. Any painting is an original creation. Whatever is being put forward as digital art, can be anything but original creation. It can have innumerable copies. Every part of a real painting has been created from scratch. Each of these twenty one canvases of this painting captures this originality.